

বর্ধমান জিলা পরিষদ
কারিগরি বিভাগ
কোর্ট কম্পাউন্ড, পো: ৩ জেলা - বর্ধমান (সি-৭১৩১০১)

ফেরী ইজারার জন্য দরপত্র আহ্বান (সিল মোহর করা খামে)
(চতুর্থদফা)

স্মারক সংখ্যা :- ডি.ই./ফেরী / ৪২০

তারিখ :- ২২/০৭/২০১৬

এতদ্বারা সর্বসাধারণকে অবগত করা যাইতেছে যে, বর্ধমান জিলা পরিষদের অধীন কাটোয়া /কালনা/ সদর /দুর্গাপুর মহকুমা এলাকায় নিম্নলিখিত ফেরীঘাট সমূহের জন্য সিল মোহর করা খামে এক বছরের জন্য (২০১৬-২০১৭ আর্থিক বর্ষে) দরপত্র আহ্বান করা হইতেছে। সমস্ত দরপত্র নিম্নলিখিত তারিখ, সময় সূচী অনুযায়ী জিলা বাস্তুকার, বর্ধমান জেলা পরিষদ এর অফিসে নির্দিষ্ট বাক্সে জমা দিতে হইবে। দরপত্র নির্দিষ্ট তারিখ ও সময়ের মধ্যে অফিস চলা কালীন যে কোন সময়ে জমা দেওয়া যেতে পারে।


ইচ্ছুক ব্যক্তিগণকে দরপত্র জমা দিবার পূর্বে ঘাটের অবস্থান, নদীর প্রকৃতি, উভয় দিকের রাস্তা ইত্যাদির বিষয়ে সম্যক বিবেচনা করিয়া দরপত্র জমা দিতে হইবে। পরে এ বিষয়ে কোন ওজর আপত্তি গ্রাহ্য হইবে না। সরকারি আদেশনামা অনুযায়ী নিরাপত্তার বিষয়ে প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন অবশ্যই গ্রহণ করিতে হইবে। প্রতিটি ফেরী ঘাটের জন্য আলাদা আলাদা ভাবে দরপত্র সাদা কাগজে দর উল্লেখ করে নিম্নলিখিত তথ্য সহ জমা দিতে হইবে।

১ ভোট দেবার পরিচয় পত্রের নকল।

২ নির্দিষ্ট জামিন জমার অর্থ, ড্রাফট / পে অর্ডার এর মাধ্যমে জিলা বাস্তুকার, বর্ধমান জিলা পরিষদ -এর অনুকূলে, বর্ধমান শহরের কোন সিডিউল ব্যাঙ্ক এর উপর প্রদেয় হইতে হইবে। (Earnest money through Bank Draft /Pay order will be in favour of District Engineer , Zilla Parishad, Burdwan, payable at Burdwan)

সর্বোচ্চ সফল ডাক দাতাকে বাকি অর্থ দরপত্র খোলার দিনই অর্থাৎ ২৫শে জুলাই, ২০১৬ তারিখে নগদে অথবা ব্যাঙ্ক ড্রাফট এর মাধ্যমে বর্ধমান জিলা পরিষদ এর নামে জমা দিতে হইবে এবং বর্ধমান জিলা পরিষদের কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে সাত দিনের মধ্যে ফেরী মাসুলের হারের তালিকা সহ কুবলিয়ত পত্র জিলা পরিষদের নির্দেশমত ২ জন বিশিষ্ট জামিনদাতার নাম, ঠিকানা ও সহি সহ লেখা পড়া করিয়া রেজিষ্ট্রি করিয়া দিতে হইবে, অন্যথায় বন্দোবস্ত বাতিল বলিয়া গণ্য হইবে।

অসফলকারী ডাকদাতাগণের জামিন জমার টাকা জিলা বাস্তুকারের বিবেচনা মত ডাক শেষ হইবার পর ফিরত দেওয়া যাইতে পারে। যে সমস্ত ব্যক্তি / সংস্থা পূর্বে জিলা পরিষদের দেওয়া টাকা পরিষোধ করেন নাই বা জিলা পরিষদের শর্তানুযায়ী ঘাট ঠিকমত চালাইতে পারেন নাই তাহাদের দেওয়া দরপত্র গ্রহণ করা হইবে না। ফেরী মাসুলের হারের তালিকা ও চুক্তিপত্রে বর্ণিত শর্তাবলী সমূহ ডাকে অংশগ্রহণ করিবার পূর্বেই জিলা পরিষদের নোটিশ বোর্ডে/অফিসে দেখিবার জন্য অনুরোধ করা যাইতেছে। প্রকাশ থাকে যে জিলা পরিষদ কর্তৃপক্ষ সর্বোচ্চ প্রাপ্ত ডাক গ্রহণ করিতে বাধ্য নহেন। এই বিজ্ঞপ্তির প্রচারিত হইবার পরও অনিবার্য কারণে জিলা পরিষদ কর্তৃপক্ষ কোন কারণ না দর্শাইয়া প্রকাশিত যে কোন ফেরী ঘাটের বা সমস্ত ফেরীঘাট গুলির দরপত্র বাতিল করিবার/অনুমোদন করিবার অধিকার ও সংরক্ষিত রাখিতেছেন।



অতিরিক্ত সচিব -

ক্রমিক সংখ্যা	ফেরী ঘাটের নাম	মহকুমার নাম	দরপত্র জমা দিবার স্থান	সিল মোহর করা খামে সমস্ত তথ্য সহ দরপত্র জমা দেওয়ার শেষ সময় ও তারিখ	জামিন জমারপরিমাণ (টাকা)	ডাকের সর্বনিম্ন পরিমাণ (টাকা)	দরপত্র খোলার তারিখ এবং সময়
১.	বেগুনকোলা	কাটোয়া	জেলা বাস্তুকার, বর্ধমান জিলা পরিষদ	সময় - ২.০০ ঘটিকা এবং তারিখ - ২৫/০৭/২০১৬ (সোমবার)	৩০০/-	১,৫০০/-	২.৩০ ঘটিকা, তারিখ - ২৫/০৭/২০১৬ (সোমবার)
২.	চরকমলনগর	কালনা			১,০০০/-	৫,০০০/-	
৩.	মালতিপুর				১,০০০/-	৫,০০০/-	
৪.	একলক্ষী	সদর, দক্ষিণ			১০,০০০/-	১,০০,০০০/-	
৫.	কুলপাড়া	দুর্গাপুর			৫,০০০/-	২৫,০০০/-	

জেলা বাস্তুকার
বর্ধমান জিলা পরিষদ
তারিখ ২২/০৭/২০১৬

স্মারক সংখ্যা ৪- ডি.ই/ফেরী / ৪১০/২০০
প্রতিলিপি মাননীয় সভাপতি/নির্বাহী আধিকারিক/অতিরিক্ত নির্বাহী আধিকারিক/অর্থ নিয়ামক ও মূখ্য হিসাব আধিকারিক/কর্মাধ্যক্ষ, পূর্তকার্য ও পরিবহন স্থায়ী সমিতি/সচিব, বর্ধমান জিলা পরিষদ/মহকুমা শাসক (সকল)/নির্বাহী বাস্তুকার, পশ্চিমবঙ্গ গ্রামীণ উন্নয়ন সংস্থা, বর্ধমান ডিভিশন/দুর্গাপুর ডিভিশন/সভাপতি (সকল পঞ্চায়েত সমিতি)/নির্বাহী আধিকারিক (সকল পঞ্চায়েত সমিতি)/সহ বাস্তুকার (সকল), জিলা পরিষদ/অবর সহ বাস্তুকার (সকল), জিলা পরিষদ/প্রধান সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত/জেলা তথ্য বিশ্লেষক, বর্ধমান জিলা পরিষদ এর অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্ররিত হইল।

জেলা বাস্তুকার
বর্ধমান জিলা পরিষদ
তারিখ ২২/০৭/২০১৬